

# যায়যায়দিন

১৬ এপ্রিল ২০২৪ মঙ্গলবার



## তিনটি বিষয় ক্যাটাগরিতে কিউএস সাবজেক্ট ২০২৪-এ স্থান পেয়েছে এনএসইউ

সম্প্রতি প্রকাশিত মর্যাদাপূর্ণ র্যাংকিং প্ল্যাটফর্ম কিউএস (কোয়াকোয়ারেলি সাইন্ডস)-এর সাবজেক্ট র্যাংকিং ২০২৪-এ তিনটি বিষয় ক্যাটাগরিতে স্থান পেয়েছে নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ)।

বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট স্টাডিজ ক্যাটাগরিতে যৌথভাবে ৩৫১-৪০০ ব্যান্ডে তালিকাভুক্ত হয়েছে এনএসইউ ও ঢাকা বিশ্ববিদ্যালয়। বাংলাদেশের মাত্র দুটি বিশ্ববিদ্যালয় এই ক্যাটাগরিতে তালিকাভুক্ত রয়েছে।

এনএসইউর বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট বেশ কয়েক বছর ধরেই কিউএস র্যাংকিংয়ে ভালো ফলাফল করে আসছে। কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস ক্যাটাগরিতে এনএসইউ ৬৫১-৭০০ ব্যান্ডের মধ্যে রয়েছে। এনএসইউর সামনে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েট।

এছাড়াও এনএসইউ ২০২৪ সালে প্রথমবারের মতো ৪৫১-৫০০ ব্যান্ডের মধ্যে ইকোনমিক্স ও ইকোনমেট্রিক্স প্রোগ্রামের জন্য স্থান পেয়েছে। এই সাবজেক্ট ক্যাটাগরিতে উত্তীর্ণ

হয়েছে শুধুমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়। তিনটি বিষয়ের র্যাংকিংয়ে এনএসইউ বাংলাদেশের একমাত্র বেসরকারি বিশ্ববিদ্যালয়।

এই বছরের কিউএস র্যাংকিং পাঁচটি ক্যাটাগরির ৫৫টি পৃথক বিষয়ের উপরে করা হয়েছে। এসব বিষয়ে বিশ্বব্যাপী ১ হাজার ৫৫৯টি প্রতিষ্ঠানের র্যাংকিং করা হয়েছে। যেখানে এনএসইউ ধারাবাহিকভাবে নিজেদের অবস্থান বজায় রেখেছে।

নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক আতিকুল ইসলাম ফলাফলে সন্তোষ প্রকাশ করে শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সহযোগিতাকে ধন্যবাদ জানিয়ে বলেন, 'আগামী বছরগুলোতে এনএসইউ আরও বেশি গৌরবঅর্জনের পথে চেষ্টা চালিয়ে যাবে।'

প্রথমবারের মতো ইকোনমিক্স ও ইকোনমেট্রিক্স প্রোগ্রামের জন্য র্যাংকিংয়ে তালিকাভুক্তি সামগ্রিক শ্রেষ্ঠত্বের প্রতি এনএসইউর প্রতিশ্রুতিকেই তুলে ধরে। সংবাদ বিজ্ঞপ্তি